# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬০২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই মসজিদের ব্যাপারে বলা হয়েছে যে, তা তাকওয়ার উপর স্থাপিত হয়েছে, সেটি হলো মদীনার মসজিদ

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَسْجِدَ الَّذِي أُسس عَلَى التَّقْوَى هُوَ مَسْجِدُ الْمَدِينَةِ

আরবী

1602 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ رَبِيعَةَ بْنِ عُثْمَانَ حَدَّثَنِي عِمْرَانُ بْنُ أَبِي أَنَسٍ: عن سهل بْنِ سَعْدٍ قَالَ: اخْتَلَفَ رَجُلَانِ فِي الْمَسْجِدِ الَّذِي أُسس عَلَى التَّقْوَى فَقَالَ أَحَدُهُمَا: هُوَ مَسْجِدُ الْمَدِينَةِ وَقَالَ الْآخَرُ: هُوَ مَسْجِدُ قُباء فَأَتَوَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (هو مسجدي هذا)

الراوي : سهل بْن سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1602 | خلاصة حكم المحدث: صحيح؛ لكن المحفوظ من حديث أبي سعيد الخدري.

বাংলা

১৬০২. সাহল বিন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যেই মসজিদের ব্যাপারে বলা হয়েছে যে, তা তাকওয়ার উপর স্থাপিত হয়েছে, সেই মসজিদের ব্যাপারে দুইজন ব্যক্তি বিবাদে লিপ্ত হন, তাদের একজন বলেন, “সেটি হলো মদীনার মসজিদ।” অপরজন বলেন, “সেটি মসজিদে কুবা।” অতঃপর তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন, জবাবে তিনি বলেন, “সেটি হলো আমার এই মসজিদ।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৭২; মুসনাদ আহমাদ: ৫/৩৩১; তাফসীরে তাবারী: ১৭২১৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৪/১০; হাকিম: ২/৩৩৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৬০২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91196

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন